



তথ্যবিবরণী

নম্বর-২৫৪

মা হলো পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক
- রাজশাহী জেলা প্রশাসক

রাজশাহী; ২৯ বৈশাখ (১২ মে) :

রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদ বলেছেন, পৃথিবীর সবচেয়ে মধুর ডাক হলো মা। প্রতিটি সন্তানের জন্য মা হলো শ্রেষ্ঠ শিক্ষক।

আজ রবিবার (১২ মে) সকাল সাড়ে দশটায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ আয়োজনে বিশ্ব মা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মা'দের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসক বলেন, ছোট্ট এ শব্দের অতলে লুকানো থাকে গভীর স্নেহ, মমতা আর পৃথিবীর সবচেয়ে অকৃত্রিম ভালোবাসা। পৃথিবীর সকল যুগের সকল ধর্মে মায়ের সম্মান রাখা হয়েছে সবচেয়ে উঁচুতে। সৃষ্টিকর্তা সন্তানদের মা-বাবার সঙ্গে সদাচরণের নির্দেশ দিয়েছেন।

তিনি বলেন, এখন আমরা যারা আধুনিকভাবে চিন্তা করছি; বাবা-মাকে বৃদ্ধাশ্রমে পাঠালে তারা নাকি সমবয়সী সঙ্গ পাবে- এটা ভুল। তারা আমাদেরকে ছোট থেকে বড় করেছে কখনও কষ্ট দেয়নি অথচ আমরা বৃদ্ধ বয়সে তাদের পাশে না দাঁড়িয়ে বোঝা মনে করে বৃদ্ধাশ্রমে রেখে আসছি। এ বয়সে তারা সন্তান এবং নাতি-নাতনিদের কাছেই ভালো থাকবে।

তিনি আরও বলেন, বাসায় যেতে আপনার ছেলে-মেয়েদের জন্য যে খাবার কিনে নিয়ে যাবেন বাবা-মার জন্যও তা নিয়ে যাবেন। তারা অনেক খুশি হবে। আপনার ছেলে-মেয়েও এখান থেকে শিক্ষা গ্রহণ করবে।

মায়ের উদ্দেশ্যে শামীম আহমেদ বলেন, স্কুলের পরেও আপনার সন্তান বাইরে থাকছে, অপ্রয়োজনে মোবাইল ব্যবহার করছে এবং খেলার মাঠে খেলাধুলা না করে মাদক সেবনে লিপ্ত হচ্ছে তাই সন্তানদের মানুষের মত মানুষ হিসেবে গড়ে তুলতে সজাগ থাকতে হবে।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে পাঁচ জন স্বপ্নজয়ী মা'দের ও পাঁচ জন শিশু দিবাযাত্র কেন্দ্রের মা'দের হাতে উপহার তুলে দেওয়া হয়। উল্লেখ্য যে, প্রতি বছর মে মাসের দ্বিতীয় রবিবার বিশ্ব মা দিবস পালন করা হয়।##

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৫:০০ ঘ.